গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
পারসোনাল-৩ শাখা

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
অতিরিক্ত সচিব (জনসংখ্যা,প,ক,ও আইন) এর দপ্তর
ডাইরী নং.....তারিখ.....
যুগ্মসচিব (আইন).....
যুগ্মসচিব (জনসংখ্যা).....
যুগ্মসচিব (শৃঙ্খলা).....
উপসচিব.....
সিনিয়র সহকারী সচিব.....
সহকারী সচিব.....
ব্যক্তিগত কর্মকর্তা.....
অতি: সচিব (জনসংখ্যা, প,ক,ও আইন)

নং- ৫৯.০০.০০০০.১১১.৯৯.০০৩.২১.২১৪

তারিখ- ০৩ জানুয়ারি ২০২৪

বিষয়ঃ ঃ **সুয়ালক ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, বান্দরবান পরিদর্শন।**

সূত্রঃ এ বিভাগের প্রশাসন-১ শাখার স্মারক নং-৫৯.০০.০০০০.১০৪.৯৯.০০৯.২২.১৩৪৬; তারিখ ০১.১১.২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে গত ১১/১২/২০২৩ তারিখে বেলা ১১ঃ০০ টার সময় নিম্নস্বাক্ষরকারী কর্তৃক সুয়ালক ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, বান্দরবান পরিদর্শন করা হয়।



পরিদর্শন কালে আমার সাথে উপস্থিত ছিলেন জনাব দীপক কুমার সাহা, উপ পরিচালক, পরিবার পরিকল্পনা, বান্দরবান, জনাব ডাঃ অং চালু, সহকারী পরিচালক (সিসি), পরিবার পরিকল্পনা, বান্দরবান কর্মরত জনাব শম্ভু চন্দ্র দেব, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর, বান্দরবান এবং এ ইউনিয়নের সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারী ।

সেবা ও প্রচার সপ্তাহ-২০২৩খ্রিঃ উপলক্ষ্যে ৩য় দিনে শৈরাতন পাড়া বিভিন্ন কর্মসূচী পরিদর্শন করা হয়। সুয়ালক ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে বেশ উৎসব মুখর পরিবেশে সেবা ও প্রচার সপ্তাহের ৩য় দিন উদযাপন করা হয়। সেখানে এলাকার জনগনের মাঝে পরিবার পরিকল্পনা সংক্রান্ত সচেতনতামূলক বিভিন্ন কর্মসূচী গ্রহন করা হয় । ৯-১৪ ডিসেম্বর/২০২৩ইং তারিখ পর্যন্ত পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহের ৩য় দিনে আয়োজিত বিশেস মা সমাবেশ এবং বিশেষ ইমপ্লান্ট ক্যাম্প।



সুয়ালক ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, বান্দরবান পরিদর্শন প্রতিবেদন

১। পরিদর্শনকৃত প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ সুয়ালক ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, বান্দরবান সদর, বান্দরবান



২। পরিদর্শনের তারিখ ও সময় ঃ ১১/১২/২০২৩, সকাল ১১টা

৩। পূর্ববর্তী সর্বশেষ পরিদর্শন প্রতিবেদন আলোকে গৃহীত কার্যক্রম ঃ প্রযোজ্য নয়।

৪। প্রতিষ্ঠানে কর্মরত জনবলের সার্বিক অবস্থা ঃ

পদের নাম	অনুমোদিত পদের সংখ্যা	কর্মরত পদের সংখ্যা	শূণ্য পদের সংখ্যা	মন্তব্য
SACMO	১	১	০	
Pharmacist	১	০	১	
FWV	১	১	০	
MLSS/Guard	১	১	০	
AYA	১	১	০	

৫। পরিদর্শনের দিন কর্মচারীদের উপস্থিতি/অনুপস্থিতি ঃ কেন্দ্রে সকল কর্মচারী উপস্থিত ছিলেন।



৬। পরিদর্শনকালে কোন Stakeholder যদি মতামত/পরামর্শ প্রদান করে থাকে তার সংক্ষিপ্ত বিবরণ ঃ সেবাগ্রহীতাগন সেবা প্রাপ্তিতে সন্তুষ্টি প্রকাশ করেন। ইমপ্লান্ট সেবা গ্রহনে আগত একজন মায়ের সাথে সরেজমিনে আলাপকালে জানান, তিনি বিয়ের পূর্বে কিশোরী সেবা প্রাপ্তিসহ তার প্রসবকালীন সেবা এবং প্রসব পরবর্তী সেবা সমূহ অত্র কেন্দ্র থেকে যথাসময়ে পেয়েছেন। সেবা প্রাপ্তির সন্তুষ্টিতে তিনি অদ্য ১১/১২/২০২৩খ্রিঃ তারিখ কেন্দ্রে ইমপ্লান্ট সেবা নিতে এসেছেন। নিয়মিত সেটেলাইট ক্লিনিক ও উঠান বৈঠক হয় মর্মে সেবাগ্রহিতাদের মধ্যে জিজ্ঞাসাবাদে জানা যায়।



৭ । আর্থিক অনিয়ম পরিলক্ষিত হলে তার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে)

ঃ কেন্দ্র পরিচালনার বাজেট সম্পর্কে জানতে চাইলে সংশ্লিষ্ট মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) বলেন বিগত ৬ মাস ধরে বাজেট এর টাকা স্ব-স্ব কেন্দ্রের উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার/পরিবার কল্যাণ পরিদর্শিকাকে প্রদান করা হয় এবং তিনি খরচপূর্বক কর্তৃপক্ষের নিকট ভাউচার পেশ করেন ।সঠিক নিয়মে বাজেট পরিচালনা করছেন বিধায় মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি)কে ধন্যবাদ জানানো হয়।



৮। প্রতিষ্ঠানের সার্বিক পরিবেশ ও পরিচ্ছন্নতা ঃ প্রতিষ্ঠানের সার্বিক পরিবেশ পরিচ্ছন্ন ছিল।

৯। প্রতিষ্ঠানের ভৌত কাঠামোর বাস্তব অবস্থা ঃ ভবনটি এক তলা বিশিষ্ট হলেও ভৌত কাঠামো সন্তোষজনক।

১০। প্রতিষ্ঠানে ব্যবহৃত আসবাবপত্রের বাস্তব অবস্থা ঃ ব্যবহার উপযোগী।

১১। কোন সমস্যা/চাহিদা ঃ ২৪/৭ ডেলিভারী সেবা চলমান কেন্দ্রটিতে ব্যবহার উপযোগী পানির স্বল্পতা রয়েছে। কেন্দ্রের আঙ্গিনায় একটি রিংওয়েল থেকে পানির ব্যবস্থা থাকলেও দুর্গন্ধযুক্ত হওয়ায় তা ব্যবহার অনুপযোগী।এছাড়া বর্জ ব্যবস্থাপনা প্লান্ট না থাকায় আশেপাশের পরিবেশ দূষিত হচ্ছে।

১২। সার্বিক অবস্থার উপর সুনির্দিষ্ট মন্তব্য/সুপারিশ (নির্দিষ্ট সময় উল্লেখপূর্বক পরার্মশ/সুপারিশ)

:বান্দরবান সদর উপজেলা বান্দরবান জেলার ৭ টি উপজেলার মধ্যে অন্যতম বড় উপজেলা। এটি একটি দূর্গম পাহাড়ি এলাকা।

১। কেন্দ্রে পর্যাপ্ত জনবল থাকলেও সংযোগ সড়কটি যথোপযুক্ত নয়। যা, প্রসূতি মায়ের প্রসবকালীন সেবা গ্রহণ করার আগমনে সমস্যার কারণ হতে পারে বিধায় কেন্দ্র সংশ্লিষ্ট কর্মকর্তাকে প্রশ্ন করা হলে, তিনি জানান যে, ইতিমধ্যেই ইউপি চেয়ারম্যান রাস্তাটি সংস্কার/পূনঃনির্মাণের আশ্বাস দিয়েছেন। **রাস্তাটি সংস্কার/পূনঃনির্মাণের দ্রুত উদ্যোগ নিতে হবে।**

২। কেন্দ্রটিতে **ব্যবহার উপযোগী সুপেয় পানির দ্রুত ব্যবস্থা গ্রহন করতে হবে।**

৩।। কেন্দ্রটিতে বর্জ ব্যবস্থাপনা প্লান্ট না থাকায় আশেপাশের পরিবেশ দূষিত হচ্ছে। সুতরাং **কেন্দ্রটিতে দ্রুত একটি বর্জ ব্যবস্থাপনা প্লান্ট তৈরির উদ্যোগ নিতে হবে।**

০৬.০১.২০২৪

পরিদর্শনকারী কর্মকর্তার স্বাক্ষর

নাসরিন পারভীন